

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৫১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. জামা'আত পরিত্যাগের ব্যাপারে সাবধান বাণী

باب فِي التَّشْدِيدِ فِي تَرْكِ الْجَمَاعَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ أَبِي جَنَابٍ، عَنْ مَغْرَاءٍ الْعَبْدِيِّ، عَنْ عَدِيِّ بْنِ ثَابِت، عَنْ سَمِعَ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " مَنْ سَمِعَ الْمُنَادِي فَلَمْ يَمْنَعْهُ مِنَ اتِبَاعِهِ عُذْرٌ ". قَالُوا وَمَا الْعُذْرُ قَالَ خَوْفٌ أَوْ مَرَضٌ " لَمْ تُقْبَلْ مِنْهُ الصَّلَاةُ الَّتِي صَلَّى ". قَالَ أَبُو دَاوُدَ رَوَى عَنْ مَغْرَاءٍ أَبُو إِسْحَاقَ.

صحيح: دون جملة العذر، وبلفظ: (ولا صلاة له): المشكاة

বাংলা

৫৫১। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি মুয়াযযিনের আযান শুনা সত্ত্বেও কোনরূপ ওজর ছাড়া (বিনা কারণে) জামা'আতে সালাত আদায়ে বিরত থাকে তার অন্যত্র (একাকী) সালাত কবুল হবে না। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, ওজর কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ভয়-ভীতি অথবা অসুস্থৃতা। [1]

সহীহ : ওজর সম্পর্কিত বাক্যটি বাদে। এছাড়া(এ এছাড়া(১) শব্দে মিশকাত।

English

Narrated Abdullah ibn Abbas:

If anyone hears him who makes the call to prayer and is not prevented from joining the congregation by any excuse--he was asked what an excuse consisted of and replied that it was fear or illness--the prayer he offers will not be accepted from him.



ফুটনোট

[1] বায়হাকী 'সুনানুল কুবরা' (৩/৭৫), হাকিম (১/পৃঃ ২৪৫), দারাকুতনী (১/পৃঃ ৪২১), সকলেই আবূ জানাব সূত্রে। সনদের আবৃ জানাব দুর্বল এবং মুদাল্লিস, পাশাপাশি তিনি এটি আন্ আন্ শব্দযোগে বর্ণনা করেছেন। হাফিয় বলেন, হাদীসটি কাসিম স্বীয় 'মুসনাদে' মাওকুফ ও মারফূভাবে শুবাহ থেকে 'আদী ইবনু সাবিত সূত্রে বর্ণনা করেছেন। কিন্তু তাতে মারফূ হিসেবে ''অবশ্য ওয়রের কথা ভিন্ন'' কথাটি বলেননি। এছাড়া হাদীসটি বর্ণনা করেছেন, বাকী ইবনু মুখাল্লাদ, ইবনু মাজাহ, ইবনু হিবান ও হাকিম 'আবদুল হামীদ ইবনু রাইয়ান সূত্রে হুসাইন থেকে রাজা থেকে এ শব্দেঃ ''যে ব্যাক্তি আযান শোনা সত্ত্বেও কোনো ওয়র ব্যতীত সাড়া দিলো না তার সালাত নেই।'' এরূপে মারফূভাবে। এর সনদ সহীহ। অতঃপর এর কতগুলো শাহিদ হাদীস বর্ণনা করেন, যার অন্যতম হলো আবৃ মুসা আল-আশ'আরীর হাদীস। যা বর্ণিত হয়েছে আবৃ বাকর ইবনু 'আয়্যাশ সূত্রে আবৃ হুসাইন থেকে তিনি আবৃ বারজাহ থেকে তার পিতার সূত্রে মাওকুফভাবে। এবং আরো বর্ণনা করেছেন সিমাক আবৃ বারজাহ থেকে তার পিতার সূত্রে মাওকুফভাবে। এবং আরো বর্ণনা করেছেন সিমাক আবৃ বারজাহ থেকে তার পিতার সূত্রে মাওকুফভাবে। হুমাম বায়হাকী বলেন, মাওকুফ হওয়াই অধিক সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন